



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮

০৭ ডিসেম্বর ২০২২

তারিখ:-----

২২ অগ্রহায়ণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংকের পরিচালন ব্যয় হ্রাসকল্পে বিলাসবহুল যানবাহন, আড়ম্বরপূর্ণ
সাজসজ্জা এবং অন্যান্য ক্ষেত্রে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২০ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এবং পরিচালন ও উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাসকরণ সংক্রান্ত বিষয়ে ২৭ জুলাই ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০১৯ এর অনুচ্ছেদ নং-২(গ) এর মাধ্যমে সাধারণভাবে পর্ষদ চেয়ারম্যান ও প্রধান নির্বাহীর জন্য সার্বক্ষণিক গাড়িসহ সকল যানবাহন অন্তত ০৫(পাঁচ) বছর ব্যবহারের পর প্রতিস্থাপনযোগ্য হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে, গাড়ির আয়ুষ্কাল ০৮(আট) বছর সংক্রান্ত সরকারি আদেশের সাথে সঙ্গতি রাখার নিমিত্ত এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, তফসিলি ব্যাংকসমূহের পর্ষদ চেয়ারম্যান ও প্রধান নির্বাহীর জন্য সার্বক্ষণিক গাড়িসহ ব্যাংকের অন্যান্য কাজে ব্যবহারের উদ্দেশ্যে ক্রয়কৃত গাড়ি ন্যূনতম ০৮(আট) বছর ব্যবহারের পর প্রতিস্থাপনযোগ্য হবে।

৩। বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০/২০২২ অনুসারে চলতি অর্থবছরে গাড়ি ক্রয় (নতুন/প্রতিস্থাপন) বন্ধের নির্দেশনা বহাল থাকবে এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০১৯-এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২